

## উপজেলা জনস্বাস্থ্য ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব নাসিমা আক্তার সাদেক, মহিলা ভাইস চেয়ারম্যান, কেশবপুর, যশোর

তারিখ: ০৭ অক্টোবর ২০২১ খ্রি:

সময়: সকাল ১০-০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য বৃন্দেও তালিকা পরিশিষ্ট-ক-বর্ণিত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্য গণকে ধন্যবাদ জানিয়ে উপ-সহকারী প্রকৌশলী জংস্বাঃপ্রঃঅঃ, কেশবপুরকে আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। মোঃ রায়হান আহমেদ বাপ্পি, উপ-সহকারী প্রকৌশলী, কেশবপুর সন্মানিত সভাপতি সহ সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচী মোতাবেক সভার কাজ শুরু করেন। সদস্য সচিব উপস্থিত সকল সদস্যকে বিভাগীয় কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

### বিভাগীয় আলোচনা:

সভার উপজেলার ১১ টি ইউনিয়নের বর্তমান নিরাপদ পানিসরবরাহ ও স্যানিটেশন পরিস্থিতি সম্পর্কে প্রতিবেদন সভায় উপস্থাপন পূর্বক প্রতিটি ইউনিয়নের নিরাপদ পানির সমস্যাসংকুল এলাকার সম্পর্কে উপস্থিত সন্মানিত সদস্যগণকে অবহিত করেন। এপর্যায়ে কমিটির সভাপতি মহোদয় নলকূপ অসফল এলাকায় জনসাধারণের নিরাপদ পানি সরবরাহের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে কি ব্যবস্থা নেয়া হচ্ছে তা জানতে চান। কমিটির সদস্য সচিব জানান যে, অত্র উপজেলার সাগদাড়া ইউনিয়নের চিংড়া, বিষুপু, কোমরপুর গ্রামে নলকূপ সফল হয় না, এ সকল স্থানে পানি সরবরাহের জন্য নলকূপ সফল স্থানে উৎপাদক নলকূপ স্থাপন করে পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রাথমিকভাবে শেখপুরা মসজিদ সংলগ্ন খাস জমিতে পরীক্ষামূলক নলকূপ স্থাপন করা হয়। পরীক্ষামূলক নলকূপ সফল হলে উৎপাদক নলকূপ স্থাপনের পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। সভায় উপস্থিত সন্মানিত সদস্য বৃন্দ দপ্তরীয় বরাদ্দ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের দৃষ্টি আকর্ষণ করেন। পরবর্তীতে কেশবপুর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে আর্সেনিকযুক্ত নলকূপের পরবর্তী পদক্ষেপের ব্যাপারে সদস্য সচিবের নিকট জানতে চাইলে তিনি সভাকে জানান, আর্সেনিকযুক্ত নলকূপের ব্যাপারে উর্দ্ধতন কর্তৃপক্ষের অবহিত করা হয়েছে।

### সিদ্ধান্ত-০১

- আর্সেনিক ও আয়রন প্রবন এলাকায় জনসাধারণের বিশুদ্ধ পানি নিশ্চিত করার জন্য নলকূপ সফল এলাকা হতে পাইপলাইনের মাধ্যমে অসফল এলাকায় পানি সরবরাহ করা যেতে পারে।
- পানির উৎসের বরাদ্দ বৃদ্ধি করণের জন্য করণীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

### সিদ্ধান্ত-০২

- যে সমস্ত এলাকায় বিদ্যালয়সমূহে বিশুদ্ধ খাওয়ার পানির ব্যবস্থা নাই সে সমস্ত বিদ্যালয়ে তালিকা প্রাথমিক শিক্ষা দপ্তর বরাবর প্রেরণ করা যেতে পারে।
- যে সমস্ত বিদ্যালয়সমূহ নলকূপ সফল এলাকায় অবস্থিত সমস্ত বিদ্যালয়ে গভীর নলকূপ স্থাপন করা যেতে পারে।

### সিদ্ধান্ত-০৩

- প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়ে জরুরী ভিত্তিতে WASH Block নির্মাণ করা আবশ্যিক।
- বিশেষ করে যে সমস্ত বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী বেশি সে সমস্ত WASH Block নির্মাণ করা প্রয়োজন।

### সিদ্ধান্ত-০৪

- এর ফলে এশটি বৃহৎ জনগোষ্ঠী সুপেয় পানযোগ্য পানির সুবিধা পাবে। প্রাথমিকভাবে উক্ত নলকূপ পসাগরদাড়া ইউনিয়নে করা যেতে পারে।

অতএব আর কোন আলোচনা না থাকায় যথাসময়ে সবাই উপস্থিত হওয়ার জন্য সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ০১। মাননীয় সংসদ সদস্য, ৯০ কেশবপুর-৬, কেশবপুর, যশোর।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর উপজেলা, যশোর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর উপজেলা, যশোর।
- ০৪। চেয়ারম্যান, .....ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর।
- ০৪। অফিস নথি।

*Amur*  
০৬/১০/২৩

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা জনস্বাস্থ্য ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

কেশবপুর উপজেলা, যশোর